দৈনিক ইত্তেফাক

তারিখ 06 MAY 2008
পৃষ্ঠা ৩ কলাম ২

### জাবিতে শিক্ষিকা লাঞ্ছিতের ঘটনা

# এক সাংবাদিক ও দুই ছাত্রলীগ কর্মী বহিষ্কার

॥ জবি সংবোদদাতা ॥

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে গত ৯ মার্চ শিক্ষিকা লাঞ্ছিতের ঘটনায় বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট এক সাংবাদিক ও দুই ছাত্রলীগ কর্মীকে বহিষ্কার করেছে। গত রবিবার বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট বৈঠকে এ বহিষ্কারের সিদ্ধান্ত নেয়া হয়। বহিষ্কৃতরা হলেন ছাত্রলীগ কর্মী ও সমাজবিজ্ঞান ৩য় বর্ষের ছাত্র ইমরান, ইউনুস এবং সমকালের জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি খায়রুল ইসলাম রাজু। ইমরান ও ইউনুসকে ৩ বছরের জন্য বহিষ্কার এবং রাজুর ৩ বছরের জন্য সম্মান (রাষ্ট্রবিজ্ঞান) শ্রেণীর সার্টিফিকেট স্থগিত রাখা হয়েছে। শিক্ষিকাকে বাসায় গিয়ে হুমকি দেয়ায় রাজুকে বহিষ্কার করা হয়।

বহিষ্কার আদেশ প্রত্যাহারের দাবি জানিয়ে খায়রুল ইসলাম রাজু বলেন, ১৪ মার্চ সমকালের এক রিপোর্টে বিশ্ববিদ্যালয়ের জামায়াতপন্থি এক শিক্ষকের চক্রান্ত ফাঁস হয়েছে। এ কারণে ষড়যন্ত্রমূলকভাবে আমাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে বহিষ্কার করা হয়। আমি এ আদেশ প্রত্যাহারের দাবি জানাই।

এদিকে সমকাল প্রতিনিধিকে বহিষ্কারের প্রতিবাদ জানিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি। সোমবার তারা এ বহিষ্কারের প্রতিবাদে বিশ্ববিদ্যালয় শহীদ মিনার চত্বরে সমাবেশ করেন। সমাবেশে আজ কালো ব্যাচ ধারণ করে মানববন্ধন এবং বহিষ্কার প্রত্যাহার না করা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ইতিবাচক সংবাদ বর্জন কর্মসূচি ঘোষণা করে।